# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ জনাব রিপন স্থানীয় এক বিক্রেতার কাছ থেকে বাকিতে ১ বস্তা চাল কিনে এক সপ্তাহের মধ্যে মূল্য পরিশোধের প্রতিশ্রুতি দেয়। মাসাধিক সময় অতিবাহিত হলে চালের মূল্য পরিশোধ না করে আগামী এক সপ্তাহের মধ্যে পরিশোধ করবে বলে আশ্বস্ত করে। এতেও সে ব্যর্থ হন। অপরদিকে তার বন্ধু মিলন চিকনগুনিয়ায় আক্রান্ত হয়ে রোগ মুক্তির জন্য তার পীরের নিকট দোয়া চান এবং রোগটি ভালো করে দেয়ার জন্য আবেদন করেন। বাসায় ফিরে স্বীয় সহধর্মীনিকে আলাপচারিতায় বিষয়টি জানালে স্ত্রী বলেন, 'তোমার কাজটি ঠিক হয়নি, এজন্য পরকালে তোমাকে জবাবদিহি করতে হবে।"

ক. তাকদীর কী? ১

খ. ইমান ও ইসলাম কেন বৃক্ষের সাথে উপমা দেয়া হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রিপনের কর্মকাণ্ড কীসের পরিচায়ক? আলোকপাত করো। ৩

ঘ. জনাব মিলনের সহধর্মিনীর বক্তব্য কী যথার্থ? মিলনের কার্যক্রমে চিহ্নিত পূর্বক বিশ্লেষণ করো। ৪

২.▶ করিম মিয়া একটি লাভজনক মুদি দোকানের মালিক। শুক্রবার ছাড়া সপ্তাহের বাকি দিনগুলো ভিক্ষুকদের ভিক্ষা দানে বিরত থাকে। শুক্রবার যত সামান্য সাহায্য করে। অন্যদিকে মেয়ের বিবাহ উপলক্ষে একজন মহিলা প্রতিবেশী তার বোনের কাছে দুটি হাঁড়ি ধার চায়। সে তাকে না করে দেয়। বিষয়টি জানতে পেরে করিম মিয়ার বোনের শ্বাশুড়ি পুত্রবধূকে বললেন, তোমার এ কাজটি অন্যায় হয়েছে। হয়তো এমন একদিন আসতে পারে, তোমার কোন প্রয়োজনে অন্যের সহযোগিতা পাবে না।

ক. শরিয়ত বলতে কী বোঝায়? ১

খ. আল কুরআনে জীবনের প্রয়োজনীয় নানা জ্ঞান-বিজ্ঞানের দিক নির্দেশনা রয়েছে।" কথাটি ব্যাখ্যা করো। ২

গ. করিম মিয়ার কর্মকাণ্ডে কোন সূরার নির্দেশ লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. করিম মিয়ার বোনের কর্মকাণ্ডটি চিহ্নিত পূর্বক সূরা আল মাউনের আলোকে তার শাশুড়ির বক্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩.▶ জনাব শায়লা বছরান্তে তার ১৫ ভরি স্বর্ণালঙ্কারের বাজার মূল্য ৫২৫০০০ টাকার উপর নির্ধারিত যাকাত বাবদ টাকা দুস্থ বিধবাদের পুনর্বাসনকারী একটি প্রতিষ্ঠানে প্রদান করেন। জনাব শায়লার স্বামী ব্যাংক কর্মকর্তা জনাব মঈন গত বছর হজ পালন রত অবস্থায় হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। তার ইন্তেকাল উপলক্ষে দেশে এক দোয়ার মাহফিলে বলেন, মরহুম মঈন হজ সম্পন্ন করতে না পারলেও তিনি আল্লাহর নিকট হজের পূর্ণ প্রতিদান পাবেন।

https://teachingbd24.com

ক. মাকতু হাদিস কাকে বলে? ১
খ. হিজরি ৩য় শতককে কেন হাদিস সংকলনের স্বর্ণ যুগ বলা হয়? ২
গ. জনাব শায়লা স্বর্ণালঙ্কারের বাজার মূল্যের উপর কত টাকা যাকাত প্রদান করেন? তার যাকাত প্রদানের ক্ষেত্রটি শরিয়ত সম্মত কী না? ব্যাখ্যা করো। ৩
ঘ. মরহুম মঈনের অসমাপ্ত হজের বিষয়টি চিহ্নিত পূর্বক হাদিসের আলোকে তাঁর সম্পর্কে খতিব সাহেবের মন্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪.▶ প্রগতি বিদ্যালয়ে শিক্ষকদের সভায় অতিরিক্ত গরমের কারণে গ্রীষ্মকালীন ছুটি দশদিন বৃদ্ধির প্রস্তাব উত্থাপিত হলে প্রধান শিক্ষক প্রস্তাবটির যথার্থতা বিবেচনা করে পাস হলো মর্মে ঘোষণা দেন। অন্যদিকে পার্শ্ববর্তী কিশলয় বিদ্যালয়ে এস.এস.সি পরীক্ষায় ৯৫ জন জিপিএ ৫ সহ শতভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হলে শিক্ষক কর্মচারীদের একটি উৎসাহ বোনাস প্রদান করা হয়। এ বছর এস.এস.সি. পরীক্ষায় প্রগতি বিদ্যালয়ের ৯০ জন জিপিএ-৫সহ শতভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হলে শিক্ষক কর্মচারীগণ কিশলয় বিদ্যালয়ের অনুরূপ উৎসাহ প্রদানের দাবি জানান এবং ম্যানেজিং কমিটি তা মঞ্জুর করেন। পরের বছর কৃতি শিক্ষার্থী সংবর্ধনায় প্রধান শিক্ষক বলেন, বিদ্যালয়ের অনুকরণে প্রগতি বিদ্যালয়ের পুরস্কার প্রদানের বিষয়টি প্রতিষ্ঠানকে গতিশীল করেছে এবং সর্বজনীনতা দান করেছে।

ক. ফরজে কিফায়া কী? ১
খ. কুরআন তিলাওয়াত উত্তম ইবাদত কেন? ব্যাখ্যা করো। ২
গ. গ্রীষ্মকালীন ছুটি এগিয়ে আনার সিদ্ধান্তের প্রক্রিয়াটি ইসলামি শরিয়তের কোন উৎসের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. কিশলয় বিদ্যালয়ের অনুকরণে প্রগতি বিদ্যালয় বিদ্যালয়ের পুরস্কার প্রদানের সিদ্ধান্তে শরিয়তের যে উৎসের মিল খুঁজে পাওয়া যায় তা চিহ্নিত পূর্বক প্রধান শিক্ষকের মন্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৫.▶ নয় বছরের শিশু ফুয়াদ পিতার দেখাদেখি নিয়মিত একক স্রষ্টার প্রতি বাধ্যতামূলক শারীরিক দায়িত্ব পালন করে। ফুয়াদের পিতা জনাব রায়হান বছরান্তে মোট বিশ লক্ষ টাকা থেকে পঞ্চাশ হাজার টাকায় পাঁচটি রিকশা ক্রয় করে পাঁচ জন দরিদ্র বেকার যুবকের মাঝে বিতরণ করেন। তার এ কাজে উৎসাহিত প্রতিবেশী নিহাল একটি গাভি ক্রয় করে একজন ছিন্নমূল নারীকে প্রদান করেন। কিছুদিন পর দেখা যায় অভাবি বেকার লোকজন ছোটখাটো ব্যবসা-বাণিজ্য করছে এবং এলাকায় অভাবি মানুষের সংখ্যা হ্রাস পেয়েছে।

ক. ইলম কী? ১
খ. 'সাওম ঢাল স্বরূপ'-বাণীটি ব্যাখ্যা করো। ২
গ. ফুয়াদ কোন ইবাদতটি পালন করে? এটি পালনের বাধ্যবাধকতার বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দানটির আর্থ-সামাজিক প্রভাব বিশ্লেষণ করো। ৪

৬.▶ মি. এসকে চৌধুরীর স্রষ্টা সম্পর্কে ধারণা নেই। সহকর্মী জনাব ইজাজকে নামাজ পড়তে দেখে অবাক হয়ে বিষয়টি সম্পর্কে জানতে কৌতূহলী হয়ে উঠেন। ইজাজ সাহেব তাকে পরদিন কুরআনের একটি সূরা পড়তে দেন। মি. এসকে চৌধুরীর সূরা ইখলাস পড়ে তিলাওয়াতের প্রতি আগ্রহ বৃদ্ধি পায়। কিছুদিন পর সে ইজাজ সাহেবের কাছে মসজিদে যাওয়ার আগ্রহের কথা জানান। মি. এসকে চৌধুরী ইমাম সাহেবের সাথে কিছু কথাবার্তা শেষে কালিমা শাহাদাত পাঠ করেন। জনাব ইজাজের বিত্তবান প্রতিবেশী জুলহাস কৃষি খামারে ধানের বাম্পার ফলন উপলক্ষে স্থানীয় ইমামসহ এলাকার কিছু লোকদের দাওয়াত দেন। তিনি সবাইকে স্বাগত জানিয়ে বলেন,

https://teachingbd24.com

কারো দয়ায় নয়, বরং আমার একক প্রচেষ্টাতেই খামারে ধানের ব্যাপক ফলন সম্ভব হয়েছে। তখন ইমাম সাহেব বলেন আপনার চেষ্টা ছিল ঠিকই। সকল সফলতার মালিক আল্লাহ। আপনার এ মনোভাবের প্রভাবে সমাজে পাপাচার বৃদ্ধি পাবে।

ক. নৈতিকতা বলতে কী বোঝায়? ১

খ. কোন কিছুই তাঁর সদৃশ নয় - আয়াতের মর্মার্থ ব্যাখ্যা করো। ২

গ. মি. এসকে চৌধুরীর কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? বর্ণনা করো। ৩

ঘ. জুলহাসের মানসিকতা চিহ্নিত পূর্বক ইমাম সাহেবের বক্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৭.▶ জাহিদ দ্রুত কুমিল্লা থেকে ঢাকা যাওয়ার উদ্দেশ্যে দ্বিগুণ ভাড়া দিয়ে একটি বিরতিহীন বাসে উঠেন। চালক মিন্টু অতিরিক্ত আয়ের জন্য প্রতিটি স্টেশনে থামা ও যাত্রী উঠা নামা করায়। এমতাবস্থায় মুকিত নামের একজন যাত্রী ক্ষুব্ধ হয়ে কাঁচপুরব্রীজের কাছে নামতে গিয়ে মাথায় প্রচণ্ড আঘাত পেয়ে জ্ঞান হারায়। সেখানে অপেক্ষমান যাত্রীদের মধ্যে নাহিদ নামের এক ব্যক্তি অটো রিকশা যোগে মুকিতকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যায় এবং অর্থ ও রক্ত দিয়ে তাকে সহযোগিতা করেন। তিনদিন পর মুকিত সুস্থ্য হলে নাহিদ তাকে বাড়িতে পৌঁছে দেয়। নাহিদের কাজে ক্ষুব্ধ হয়ে মুকিতের মা বললেন, "বান্দা যতক্ষণ তার ভাইয়ের সাহায্যরত থাকেন ততক্ষণ আল্লাহ তাকে সাহায্য করতে থাকেন।"

ক. গিবত বলতে কী বোঝায়? ১

খ. মিতব্যয়িতা মানবজীবনে প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. মিন্টুর কাজ ও মানসিকতায় কী প্রকাশ পেয়েছে? আলোকপাত করো। ৩

ঘ. নাহিদের কাজটি চিহ্নিতপূর্বক মুকিতের মায়ের বক্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৮.▶ হানারচর ইউনিয়নে সকল অগভীর নলকূপে মাত্রতিরিক্ত আর্সেনিক সনাক্ত হওয়ায় বিশুদ্ধ পানির অভাব পরিলক্ষিত হয়। এতে আল হেরা ফাউন্ডেশন নামে একটি সমাজকল্যাণমূলক সংস্থা বিনামূল্যে বেশ কিছু গভীর নলকূপ স্থাপন করে সুপেয় পানির ব্যবস্থা করে। একই ইউনিয়নের কৃতি সন্তান বিশিষ্ট শিল্পপতি এ. ফিরোজ ঈদুল আযহা উপলক্ষে গ্রামে আসলে এলাকাবাসী মাশরুম চাষ বৈধ কিনা এ সম্বন্ধে তাঁর কাছে জানতে চান। তখন তিনি এলাকার কয়েকজন বিশিষ্ট আলেম দ্বীন নিয়ে একটি ফতোয়া বোর্ড গঠন করেন। এ বোর্ডের মাধ্যমে তিনি সিদ্ধান্ত দেন যে, মাশরুম একটি উপকারী উদ্ভিদ। এ কারণে এটি ইসলামে নিষিদ্ধ নয়। এক বছর যাবত এ বোর্ড এলাকাবাসীর এ জাতীয় প্রশ্নের সমাধান দেয়। সৌদি প্রবাসী জনাব ইরফান এ বোর্ডের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে বলেন যে, কুরআন-সুন্নাহ বিদ্যমান থাকায় এ বোর্ডের আদৌ প্রয়োজন নেই।

ক. সুফ্ফা কী? ১

খ. আজ তোমাদের প্রতি আমার কোনো অভিযোগ নেই" - হাদিস খানার শিক্ষা কী? ২

গ. নূর ফাউন্ডেশনের কর্মকাণ্ড কোন খলিফার অবদানের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব এ ফিরোজের ভূমিকাটি যে মনীষীর কার্যক্রমের সাথে সাদৃশ্যপূর্ণ তা চিহ্নিত পূর্বক জনাব ইরফানের মন্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৯.▶ সেহরীন গতকাল তার ইসলাম ও নৈতিক শিক্ষা বইখানা খুঁজে না পেয়ে সহপাঠী মেহরীনের নিকট থেকে ধার নেয় এবং কথামত আজ স্কুল গেটে পৌঁছেই ফেরত দেয়। সে রিকশা ভাড়া পরিশোধ করতে গিয়ে দেখে পকেট শূন্য। নিরূপায় শারমীনের কাছে একশত টাকা দেখতে পেয়ে তা থেকে ত্রিশ টাকা ধার চায়। উত্তরে শারমীন তার নিকট কোনো টাকা

নেই বলে জানায়। অদূরে থাকা সহপাঠী ফারহীন কথাটি শুনতে পেয়ে শারমীনকে বলল, তোমার নিকট টাকা থাকা সত্ত্বেও অস্বীকার করাটা অন্যায় হয়েছে। কেননা এ আচরণটি মানুষের জীবনে ধ্বংস ডেকে নিয়ে আসে।

ক. শালীনতা বলতে কী বোঝায়? ১

খ. "ফিতনা হত্যার চেয়েও জঘন্য' - ব্যাখ্যা করো। ২

গ. সেহরীনের মধ্যে কোন গুণটি প্রকাশ পেয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. শারমীনের আচরণে যে গুণের অভাব পরিলক্ষিত হয়েছে তা চিহ্নিত পূর্বক ফারহীনের মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

১০.▶ দৃশ্যপট-১

বুড়িরচর গ্রামের অধিকাংশ মানুষ নিরক্ষর। কারণে-অকারণে নারীদের মারধর করে। তুচ্ছ বিষয়কে কেন্দ্র করে স্বীয় স্ত্রীদের তালাক দিতে কুণ্ঠাবোধ করে না। গ্রামবাসী বিনোদনের জন্য রাতের বেলায় জুয়া নেশায় মত্ত থাকে।

দৃশ্যপট-২

ফরিদাবাদ ইউপি চেয়ারম্যান জনাব শাকিল একজন জনদরদী লোক। বেতন-ভাতা ও একটি মাঝারি মানের মুদি দোকানের আয় থেকে তিনি সংসারের ব্যয় নির্বাহ করেন। জনাব শাকিল ও স্ত্রী শায়লা মিলে সংসারের সকল কাজ সম্পন্ন করেন। রান্না কাজেও শাকিল সাহেব স্বীয় স্ত্রীকে সহযোগিতা করে থাকেন। তবে শাকিল ধনাঢ্য শ্বশুড়ের দেয়া পাজেরো গাড়িটি ব্যবহার করে অফিসে যাতায়াত করেন।

ক. 'আসসাবউল মুয়াল্লাকাত' কী? ১

খ. 'হিলফুল ফুযুল' ও জাতিসংঘ প্রতিষ্ঠার উদ্দেশ্য এক ও অভিন্ন"- ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যপট - ১ এর চিত্রটি তোমার পাঠ্যপুস্তকের কোন সমাজব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. তোমার পাঠ্যপুস্তকের কোনো একজন খলিফার চারিত্রিক বৈশিষ্ট্য জনাব শাকিলের কর্মকাণ্ডে সম্পূর্ণরূপে প্রতিফলিত হয়েছে কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ জামিল এ বছর স্নাতকোত্তর পাশ করেছে। তার ভগ্নিপতি তাকে একটি প্রাইভেট কোম্পানিতে চাকরি দেন। কিন্তু সে চাকরিতে যোগদান না করে বাসায় টেলিভিশন দেখে ও বন্ধুদের সাথে আড্ডা দিয়ে সময় কাটায়। তার বোন তাকে চাকুরিতে যোগদানের কথা বললে সে বলে, এসব আমার ভালো লাগে না। অপরদিকে তার সহপাঠী মামুন ও ফয়েজ সীমান্ত বাহিনীতে যোগদান করে। একটি সংঘবদ্ধ দল কয়েকটি বড় ব্যাগ সীমান্তের ওপারে পাচার করছিল। মামুন ও ফয়েজ ব্যাগের তল্লাশি চালাতে চাইলে চোরাকারবারিরা গুলি ছুঁড়ে। মামুন আহত হলেও পাল্টা গুলিতে চোরাকারবারিদের পিছু হটাতে বাধ্য করেন। অন্যদিকে ফয়েজ অবস্থা বেগতিক দেখে জীবন রক্ষার্থে দ্রুত স্থান ত্যাগ করে। এরিয়া কমান্ডার ঘটনাস্থল পরিদর্শনে এসে দুজনের কর্মকাণ্ডের বিষয় রাসুল (সা) এর হাদিস স্মরণ করিয়ে দিয়ে বলেন, তোমাদের প্রত্যেকেই দায়িত্বশীল এবং প্রত্যেকেই তাঁর দায়িত্বের বিষয় জিজ্ঞাসিত হবে।"

ক. হিংসা কী? ১

খ. ঘুষদাতা ও গ্রহীতা উভয়ই সমান অপরাধী কেন? ২

গ. জামিলের আচরণের আলোকে যামীমার কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পবিত্র কুরআন ও সুন্নাহর আলোকে মামুন ও ফয়েজের কর্মকাণ্ডের পরিণতি অভিন্ন হবে কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. 'আল হুদা' শব্দের অর্থ কী?**
ⓚ পথ প্রদর্শক ⓚ পথ নির্দেশ
ⓖ পথ নির্দেশক ⓖ সুপথ

**২. মানুষের অন্তরে আল্লাহর সন্তুষ্টি লাভের বাসনা সৃষ্টি হয় কীসে?**
ⓚ ইমানে ⓚ ইসলামে
ⓖ তাওহিদে ⓖ তাকওয়া

**৩. "মুমিনরাও জাহান্নামের শাস্তি ভোগ করবে"- এটি কখন প্রযোজ্য?**
ⓚ পাপ কর্ম করলে
ⓚ পাপের পরিমান অধিক হলে
ⓖ সামান্য পাপ করলে
ⓖ একটু ভুলত্রুটি হলে

**৪. তোমার পাঠ্যবইয়ে আল-কুরআনের কয়টি নামের উল্লেখ আছে?**
ⓚ ৭টি ⓚ ১০টি
ⓖ ১১টি ⓖ ১২টি

**৫. সৎ চরিত্রবান হওয়ার জন্য কোনটির বিশ্বাস প্রয়োজন?**
ⓚ তাওহিদ ⓚ ইমান
ⓖ ইসলাম ⓖ তাকওয়া

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:**

ইমাম বুখারি (রঃ) এর বয়স যখন এগার তখন এক মুহাদ্দিস তাঁর সামনে হাদিস বর্ণনায় ভুল করলে তিনি তা শুদ্ধ করে দেন।

**৬. উক্ত মুহাদ্দিসের নাম কী?**
ⓚ দাখেলি ⓚ মুহাম্মদ
ⓖ আবুল মুনজুর ⓖ আব্দুল্লাহ

**৭. ইমান বুখারি (রঃ) ছিলেন-**
i. অগাধ স্মৃতি শক্তির অধিকারী
ii. বামানার শ্রেষ্ঠ হাদিস বিশারদ
iii. তীক্ষ্ণ মেধার অধিকারী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৮. ইসলামের বিশ্বাসগত দিকের নামই হলো?**
ⓚ ইবাদত ⓚ আকাইদ
ⓖ ইমান ⓖ তাওহিদ

**৯. কারা জৈবিক চাহিদা থেকে মুক্ত?**
ⓚ নবিগণ ⓚ সাহাবিগণ
ⓖ ফেরেশতাগণ ⓖ অলিগণ

**১০. কোনটি আল্লাহ প্রদত্ত মুসলমানদের জন্য এক বিশেষ মর্যাদা ও নিয়ামত?**
ⓚ হালাল খাদ্য ⓚ ইজমা
ⓖ সন্তান সন্তুতি ⓖ কিয়াস

**১১. "যে ব্যক্তি বিচ্ছিন্ন হয়ে গিয়েছে সে বিচ্ছিন্ন হয়ে দোযখে যাবে"— এ হাদিসে কিসের প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
ⓚ হাদিস অমান্য করার পরিণতি
ⓚ শরিয়ত পালন না করার পরিণতি
ⓖ ইজমা পরিহার করার পরিণতি
ⓖ ইবাদত না করার পরিণতি

**১২. সালাতের মাধ্যমে-**
i. ইমান মজবুত হয়
ii. আত্মা পরিশুদ্ধ হয়
iii. প্রভুর সান্নিধ্য লাভ হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**

ফজল সাহেব অনেক ক্ষমতাবান ব্যক্তি। তার বড় ভাইয়ের মৃত্যুর পর তিনি ছোট ভাতিজাদের বাড়ি থেকে বের করে দেন এবং ভাইয়ের সকল সম্পদ দখল করে নেন।

**১৩. ফজল সাহেবের কাজের মাধ্যমে কাদের অধিকার ক্ষুণ্ন হয়েছে?**
ⓚ গরিবদের ⓚ অসহায়দের
ⓖ ইয়াতিমদের ⓖ মিসকিনদের

**১৪. ফজল সাহেবের দ্বারা কোন সূরার শিক্ষা লঙ্ঘিত হয়েছে?**
ⓚ আদ্-দুহা ⓚ আল্-ইনশিরাহ
ⓖ আত্-তীন ⓖ আল্-মাউন

**১৫. ইয়ালুন শব্দের অর্থ হলো—**
i. পরিজন
ii. আপনজন
iii. নিকট আত্মীয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

Teachingbd24.com

১৬. 'মুসলমানগণ পরস্পর ভাই ভাই'— এটি তোমার পাঠ্য বইয়ের কত নং হাদিসের শিক্ষা?

ⓚ ৭নং　ⓚ ৬নং
ⓖ ৫নং　ⓖ ৪নং

১৭. "যাকাত হলো ইসলামের সেতুবন্ধন"— এটি কোন গ্রন্থের হাদিস?

ক) বুখারি　খ) মুসলিম
গ) বায়হাকি　ঘ) ইবনে মাজহ্

১৮. রাসুল (সঃ) এর জীবদ্দশায় হাদিস লিখে রাখা নিষেধ ছিল। কারণ তখন—

ক) লিখতে জানা সাহাবি ছিল না
খ) কুরআন নাজিল হচ্ছিল
গ) আল্লাহ তায়ালা লিখতে নিষেধ করেছেন
ঘ) লিখে রাখার প্রয়োজন ছিল না

১৯. এক মুসলিমের উপর অপর মুসলিমের কয়টি অধিকার রয়েছে?

ক) ৭টি　খ) ৮টি
গ) ৫টি　ঘ) ৬টি

২০. কার মতে, ছাত্র-শিক্ষকের সম্পর্ক হলো ভৃত্য-মুনিব সম্পর্ক?

ক) মহানবি (সঃ)　খ) আবু বকর (রাঃ)
গ) লোকমান (আঃ)　ঘ) আলি (রাঃ)

২১. পরিচ্ছন্নতার আরবি প্রতিশব্দ কী?

ক) নাজাকাত　খ) নাজাফাত
গ) ফাসাহাত　ঘ) শাফায়াত

২২. যে সমাজে ঘুষ লেনদেন প্রসার লাভ করে সে সমাজে সৃষ্টি হয়—

i. ভীতি
ii. সন্ত্রাস
iii. দুর্ভিক্ষ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**

ইমরান সাহেব এ বছর পবিত্র হজ পালন করতে মক্কায় যান। কিন্তু তিনি মুযদালিফায় অবস্থান না করেই হজের কাজ শেষ করেন।

২৩. ইমরান সাহেব হজের কোন বিধান লঙ্ঘন করেছেন?

ক) ফরজ　খ) ওয়াজিব
গ) সুন্নত　ঘ) মুস্তাহাব

২৪. ইমরান সাহেব যে বিধান লঙ্ঘন করেছেন তার কাফ্ফারা হিসেব তাকে—

ক) পুনরায় হজ করতে হবে
খ) দম দিতে হবে
গ) মাথা মুন্ডন করতে হবে
ঘ) সাঈ করতে হবে

২৫. যখন তোমরা আল্লাহর কিতাবের কোন কিছু বুঝতে না পার তবে তার অর্থ আরবদের কবিতায় তালাশ কর। উক্তিটি কার?

ক) আল্লাহ তায়ালার
খ) রাসুল (স) এর
গ) ইবনে আব্বাস (রা) এর
ঘ) আলি (রা) এর

২৬. মানব ইতিহাসের সর্বপ্রথম লিখিত সংবিধান কোনটি?

ক) মদিনা সনদ
খ) হুদাইবিয়ার সন্ধি
গ) মক্কা সনদ
ঘ) ম্যাগনাকার্টা

২৭. ইমাম আবু হানিফা প্রতি রমজানে কতবার কুরআন মাজিদ খতম করেছেন?

ক) ৬৮ বার　খ) ৬৭ বার
গ) ৬৫ বার　ঘ) ৬১ বার

২৮. "আল্ জুদারি ওয়াল হাস্বাহ" নামক গ্রন্থটি কে রচনা করেন?

ক) আবু বকর আল রাযি
খ) আল্ বিরুনি
গ) ইব্নে সিনা
ঘ) ইমাম গাযালি (র)

২৯. ইসলামি নৈতিকতার মূলভিত্তি কী?

ক) আখলাকে হামিদা　খ) শালীনতা
গ) ইমান　ঘ) তাকওয়া

৩০. মানবজাতির উৎপত্তি ও পরিণতির কথা স্মরণ করিয়ে দিয়ে অবতীর্ণ সূরা—

ক) যিল্যাল　খ) আত্ তীন
গ) ইন্শিরাহ　ঘ) আদ্-দুহা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd24.com